

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)
বিজিএমইএ কম্পিউটার, ২৩/১, পাহাড়পথ লিংক রোড, কারওয়ান বাজার, ঢাকা

সম্মানিত সকল সদস্যের জন্য

বিজ্ঞপ্তি নং : বিজিএ/কাস/২০১০/৭৯

তাৎক্ষণ্য ১০/০২/২০১০ইং

এতদ্বারা সম্মানিত সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৭/০২/২০১০ইং তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ফ্রেইট ফরওয়ার্ডার কর্তৃক NOC চার্জ অবৈধভাবে আদায়করণের বিষয়টি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিজিএমইএ, বিকেএমইএ, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড, বাণিজ্য মন্ত্রণালয়, চট্টগ্রাম বন্দর ও বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন এর প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য মন্ত্রণালয় কর্তৃক যে আদেশ জারী করা হয় তা নিম্নে হৃবহ তুলে ধরা হলোঃ-

(এম. ফসিহুর রহমান) ১২০
মহাসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
(চট্টগ্রাম বন্দর শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.mos.gov.bd))

২৮ মাঘ ১৪১৬

তারিখঃ -----

১০ ফেব্রুয়ারি, ২০১০

নং নৌপম/চবশা/লাইসেন্স-১/২০০৬-১০৯

বিষয়ঃ ফ্রেইট ফরওয়ার্ডার্স কর্তৃক No Objection Certificate (NOC) চার্জ আদায় বিষয়ে বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফেকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ) এর আবেদন বিষয়ে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

গত ৭-২-২০১০ তারিখে বেলা ২:৩০ টায় নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে মাননীয় নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত ফ্রেইট ফরওয়ার্ডার্স কর্তৃক এনওসি চার্জ আদায় সম্পর্কিত অভিযোগ পর্যালোচনার নিমিত্ত একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

- (১) NOC চার্জ পুনঃনির্ধারণের যৌক্তিকতা যাচাই করে সুপারিশ করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের ১জন কর্মকর্তার সভাপতিত্বে একটি কমিটি গঠন করা হবে। এতে বিজিএমইএ ও বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন এর ২ জন করে এবং বিকেএমইএ, বাংলাদেশ শীপার্স কাউন্সিল, শিপিং এজেন্ট এসোসিয়েশন, সিএন্ডএফ ফেডারেশন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ১ জন করে প্রতিনিধি অন্তর্ভুক্ত থাকবেন। কমিটি আগামী ১ মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।
- (২) উক্ত প্রতিবেদনের ভিত্তিতে NOC চার্জ পুনঃনির্ধারিত না হওয়া পর্যন্ত এই চার্জ পূর্বের ন্যায় ১৫০০/-টাকা বহাল থাকবে।

২। সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ ক্ষেত্রে উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

স্বাক্ষরিত/-

(মোঃ মোমতাজ আলী)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৭১৬৬৪৮১

sas.cps@mos.gov.bd